

কানে ব্যথা ও টনসিলাইটিস

সতর্কতার সাথে একটি বাচ্চার কানের চিকিৎসা করা প্রয়োজন

কানের সংক্রমণের জন্য কানে ব্যথা হতে পারে এবং তা বাচ্চাদের এবং ছোট বাচ্চাদের মধ্যে সাধারণভাবে দেখা যায়। প্রায়শ এর পরে ঠান্ডা লেগে যায় এবং কখনও কখনও জ্বর হয়। একটি শিশু তার কান ধরে টানাটানি করতে পারে, কিন্তু বাচ্চারা প্রায়ই বলতে পারে না তাদের ব্যথা কোথা থেকে হচ্ছে, তাই তারা কেবল কাঁদে এবং তাদের সাধারণভাবে অস্বস্তি হচ্ছে বলে মনে হয়। দুধের দাঁত ওঠার সময় স্থানান্তরিত ব্যথার জন্য শিশুদের প্রায়ই কানে ব্যথা হয়/তারা কান ধরে টানাটানি করে।

প্রথম কয়েক সপ্তাহে সংক্রমণের বিরুদ্ধে বাচ্চাদের কিছু প্রাকৃতিক সুরক্ষা থাকে - যা বুকের দুধ খাওয়ানোর মাধ্যমে বৃদ্ধি পায়। বাচ্চা ও ছোট বাচ্চাদের মধ্যে, ব্যাকটেরিয়া নাক থেকে কানে আরও সহজে যায়। কানের সংক্রমণ যন্ত্রণাদায়ক হতে পারে এবং আপনার শিশুর শুধু আরো আলিঙ্গনের এবং ফার্মাসিস্টের কাছ থেকে ব্যথানাশকের (যেমন **চিনি-মুক্ত** প্যারাসিটামল বা আইবুপ্রোফেন) প্রয়োজন হতে পারে। আপনার শিশুর গলার গ্রন্থি ফুলে থাকতে পারে – শরীর এইভাবে সংক্রমণের বিরুদ্ধে লড়াই করে।

টনসিলাইটিস - টনসিলাইটিসের (টনসিলের প্রদাহ) কারণেও কানের ব্যথা হতে পারে। এটি শিশুদের একটি পরিচিত ধরনের সংক্রমণ। লক্ষণগুলির মধ্যে রয়েছে গলা ব্যথা, কানে ব্যথা এবং জ্বর। এটি একটি গুরুতর অসুস্থতা নয় এবং উল্লেখযোগ্য ব্যথা, ক্রমাগত জ্বর, শ্বাসকষ্টের মত গুরুতর লক্ষণ দেখা গেলেই শুধুমাত্র আপনার GP-কে দেখাতে হবে।

কানের সংক্রমণ কমাতে

- সতর্কভাবে একটি বাচ্চার কানের চিকিৎসা করা প্রয়োজন।
- আপনার শিশুর কানের ভিতরে কখনই কটন বাড ব্যবহার করবেন না।
- যদি তাদের জ্বর থাকে, তাহলে ওয়াল্ক বা কানের খৈল বেরিয়ে আসতে পারে।
- বাইরের অংশের চারপাশে আলতোভাবে পরিষ্কার করতে প্রতিটি কানের উপর আলাদা, পরিষ্কার হালকা ভেজা তুলো ব্যবহার করুন।
- ধোঁয়াযুক্ত পরিবেশ এড়িয়ে চলুন।
- আপনার GP দ্বারা নির্দেশিত না হলে কানের ড্রপ বা তেল ব্যবহার করবেন না।
- যদি আপনার শিশু সংক্রমণের ছয় সপ্তাহ পরেও শুনতে না পায়, তাহলে আপনার GP বা স্বাস্থ্য পরিদর্শক তাদেরকে আরো পরীক্ষার জন্য অডিওলজিতে পাঠাতে পারেন।

কানের সংক্রমণের লক্ষণগুলি কী কী?

লক্ষণগুলি হল তাপমাত্রা বৃদ্ধি, সাধারণ বিরক্তিবাদ এবং ব্যথা বা অস্বস্তি। কান লাল হতে পারে এবং আপনার বাচ্চা তা টানাটানি করতে পারে কারণ তা অস্বস্তিকর হতে পারে। এমনকি তাদের পুঁজের মতো নিঃসরণ হতে পারে, যা কানে অবরুদ্ধ অনুভূতি বা শ্রবণশক্তি হ্রাসের সাথেও যুক্ত হতে পারে।

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ

যদিও বেশিরভাগ কানের সংক্রমণ কোনও গুরুতর প্রভাব ছাড়াই সেরে যায়, তবে অল্প সময়ের জন্য (দুই থেকে তিন সপ্তাহ) হালকা শ্রবণশক্তি হ্রাস পেতে পারে।

1

আমার ছোট বাচ্চার কানে ব্যথা আছে কিন্তু অন্যথায় ভাল মনে হচ্ছে।

2

আপনি কি আপনার ফার্মাসিস্টের কাছ থেকে **চিনি-মুক্ত** প্যারাসিটামল বা আইবুপ্রোফেন নিয়ে তা দিয়ে দেখেছেন? (ব্যবহারের পরামর্শের জন্য 'মৌলিক বিষয়গুলি জানুন' দেখুন)।

3

বেশিরভাগ কানের সংক্রমণ নিজেই ভাল হয়ে যায়। যদি 24 ঘন্টা পরেও লক্ষণগুলির কোনো উন্নতি না হয়, আপনার শিশুর খুব ব্যথা হয় বা আপনি কান থেকে তরল বেরিয়ে আসতে দেখেন, তাহলে আপনার GP-র সাথে কথা বলুন।

ধূমপানমুক্ত

www.nhs.uk/smokefree

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ